



স্মারক নম্বর: ০৫.৫০.১০০৬.০০০.০৫.০০৪.২২-৩২৮(১৫)

তারিখ: ২৮ চৈত্র ১৪২৮
১১ এপ্রিল ২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি-০১/২০২২ (সংশোধিত)

বগুড়া জেলার আদমদীঘি উপজেলাধীন ছাতিয়ানগ্রাম, নশরতপুর, চাঁপাপুর ও সান্তাহার ইউনিয়ন পরিষদে শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে গ্রামপুলিশ/মহল্লাদার নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	ইউপির নাম	পদের নাম	শূন্য পদের সংখ্যা	শূন্য ওয়ার্ড নং	বেতন ক্রম	শিক্ষাগত যোগ্যতা	শারীরিক যোগ্যতা
০১.	ছাতিয়ানগ্রাম	মহল্লাদার	০১	৮	সরকারি বিধি মোতাবেক	নূন্যতম অষ্টম শ্রেণী/সমমান	উচ্চতা ৫-২" বুকের মাপ- ৩০" (স্বাভাবিক) সর্বনিম্ন ওজন ৫০ কেজি (পুরুষ) উচ্চতা ৫-০০ বুকের মাপ- ২৮" সর্বনিম্ন ওজন: ৪৫ কেজি (মহিলা)
০২.	নশরতপুর	মহল্লাদার	০৩	১, ৭ ও ৯			
০৩.	চাঁপাপুর	মহল্লাদার	০১	৮			
০৪.	সান্তাহার	মহল্লাদার	০২	৫ ও ৮			

শর্তাবলী :

- প্রার্থীকে বাংলাদেশের নাগরিক এবং ছাতিয়ানগ্রাম, নশরতপুর, চাঁপাপুর ও সান্তাহার ইউনিয়নের শূন্য ওয়ার্ডভুক্ত গ্রাম বা এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন ও যে ওয়ার্ডের জন্য আবেদন করবেন তা আবেদনপত্রে অবশ্যই উল্লেখ করতে হবে।
- উপজেলা নির্বাহী অফিসার, আদমদীঘি, বগুড়া এর বরাবরে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ, ধর্ম বর্ণ, বয়স, পাসপোর্ট সাইজের সদ্য তোলা ০২ কপি ছবি (সত্যায়িত) সহ সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্র আগামী ১০ মে ২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দাখিল করতে হবে।
- প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ আবেদনের সঙ্গে দাখিল করতে হবে (ওয়ার্ড নং সহ)।
- প্রার্থীর বয়স ১০/০৫/২০২২ খ্রি. তারিখে ২০ হতে ৩০ বৎসর এর মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বৎসর বয়স প্রযোজ্য।
- প্রার্থীকে অবশ্যই শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।
- বিধি মোতাবেক নিয়োগ কোটা অনুসরণ করা হবে এবং মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
- অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল যোগ্য।
- সাক্ষাতকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগের বিধিবিধান ও শর্তাবলী অনুসরণ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত সকল তথ্যাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ১০/০৫/২০২২ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ও উপজেলা তথ্য বাতায়নে জানা যাবে।
- আবেদনপত্র গ্রহণ বা বাতিল নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- উপজেলা নির্বাহী অফিসার, আদমদীঘি, বগুড়া এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) সোনালী ব্যাংক লিমিটেড- এর যেকোন শাখার পে-অর্ডার(পিও)/ডিম্যান্ড (ডিডি) জমা দিতে হবে।

(শ্রাবণী রায়)

উপজেলা নির্বাহী অফিসার
আদমদীঘি, বগুড়া
টেলিফোনঃ ০২৫৮৮৮৮-৭২০০

তারিখ: ২৮ চৈত্র ১৪২৮
১১ এপ্রিল ২০২২

স্মারক নম্বর: ০৫.৫০.১০০৬.০০০.০৫.০০৪.২২-৩২৮(১৫)

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- জেলা প্রশাসক, বগুড়া
- উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া
- অফিসার ইনচার্জ, আদমদীঘি থানা, বগুড়া
- উপজেলা প্রকৌশলী, আদমদীঘি, বগুড়া
- উপজেলা আনসার ডিডিপি কর্মকর্তা, আদমদীঘি, বগুড়া
- চেয়ারম্যান/ইউপি সচিব, ছাতিয়ানগ্রাম, নশরতপুর, চাঁপাপুর ও সান্তাহার ইউনিয়ন পরিষদ, আদমদীঘি, বগুড়া। অত্র বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদ তথ্য বাতায়নসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা নির্বাহী অফিসার
আদমদীঘি, বগুড়া